

পশ্চিমবঙ্গ সরকার
বস্ত্র অধিকরন (রেশমশিল্প বিভাগ)
উপঅধিকর্তা করণ বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি (২০১৭-১৮)

এতদ্বারা প্রকৃত প্রযুক্তকারী বা অভিজ্ঞ ও বিশুদ্ধ সরবরাহকারী/ঠিকাদারদের নিকট হইতে সাধারণ কাগজে ও মুখবন্দ করা খামে জেলার রেশম শিল্প বিভাগের বিভিন্ন পরিষেবা কেন্দ্রে / সরকারী খামারে পলুপালনের জন্য বাঁশের তৈরী চৌকো ডালা সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। নিম্নে উল্লিখিত নির্দেশানুযায়ী মালগুলি সরবরাহ হইবে। নিম্নবর্ণিত সকল সরবরাহ স্থল অবধি পৌছানোর সব খরচ সমেত প্রতি মালের একক প্রতি দর উল্লেখ করিতে হইবে। অন্য কোনো খরচাদি গ্রাহ্য হইবে না। দরপত্রের সহিত প্যান কার্ডের /বৈধ আয়কর পত্রের, যুক্তমূল্য করের নিকাশপত্র (সাম্প্রতিক কালের) প্রত্যয়িত প্রতিলিপি জমা দিতে হইবে। প্রয়োজনে আসল নথিপত্র অবশ্যই দেখাইতে হইবে। সেই সঙ্গে ১০,০০০টাকার ব্যাঙ্ক ড্রাফট 'ডেপুটি ডাইরেক্টর, টেক্সটাইলস (সেরিকালচার), কোচবিহার নামে অবশ্যই বায়না হিসাবে জমা দিতে হইবে। কার্যসাধনের আদেশ ও নির্দেশানুযায়ী কর্ম সম্পাদন না হইলে বায়না জমা বাজেয়াপ্ত হইবে। এ বিষয়ে কোনোরূপ সূচনা সরবরাহকারীকে না দেওয়াও হইতে পারে। পলুপালনের জন্য ডালা ননপ্র্যান /প্র্যান হেড /সি.ডি.পি/আর.কে.ডি.ওয়াই স্কীমের অন্তর্গত ২০১৭-১৮ (ইং) সনের সরবরাহের জন্য দরপত্র এই কথা লেখা তৎসহ বিজ্ঞপ্তির পত্রাঙ্ক ও পত্রতারিখ উল্লেখ করে দরপত্রের খাম নিম্নে স্বাক্ষরকারীর দফতরে ০৯-০৮-২০১৭ তারিখ বেলা ৩-০০টার মধ্যে রেজিস্টার্ড / স্পীডপোস্ট ডাক বা কুরিয়ার ডাক মারফৎ অবশ্যই পৌছাতে হইবে। ঐ দিনেই ইচ্ছুক এবং উপস্থিত দরদাতাদের সামনে বেলা ৪-০০টার সময় দরপত্রগুলি খোলা হইবে। বাঁশের তৈরী ডালা (চৌকো) নমুনা অবশ্যই দরপত্র প্রদানের পূর্বে সেরিকালচার কম্পোজিট ইউনিট, খাগড়াবাড়ী, কোচবিহারে জমা দিতে হইবে। নমুনা জমা দেওয়ার প্রমাণ পত্র অবশ্যই দরপত্রের সহিত থাকা চাই। ইহা বাতীত দরপত্র গ্রাহ্য হইবে না। সফল দাতাদের কার্য সম্পাদনের আদেশ পত্র জারীর দিন হইতে ৩০ দিনের মধ্যে মালপত্রের সরবরাহ সম্পন্ন করিতে হইবে। অন্যথায় নিয়মানুগ ব্যবস্থা নেওয়া হইবে। প্রয়োজনে আদেশনুসারে মালের পরিমাণ কম বা বেশী চাওয়া হইতে পারে। কোনো আংশিক সরবরাহ গ্রাহ্য হইবে না। কার্য সম্পাদনের আদেশ তহবিল প্রাপ্যতার উপরমাত্র নির্ভর করে। নিম্ন স্বাক্ষরকারী ক্রয় কমিটির সিদ্ধান্তনুসারে যে কোনো দরপত্র বাতিল করার এবং বাতিল করার কারণ নাও জানানোর অধিকার রাখে। সর্বনিম্ন দরপত্র গ্রহন বাধ্যতামূলক নহে। নিম্নে মালগুলির নির্দেশ সহ বিবরণ দেওয়া হইল :

১। বাঁশের তৈরী চৌকো ডালা (তুঁত রেশম পলু পালনের) মাপ ৬ ফুট / ৪ ফুট :

জলে ভিজাইয়া পোক্ত করা অনধিক আধ ইঞ্চি চওড়া বাঁশের পাতি দিয়া তৈয়ারী চাটাই, চারিদিক অনধিক এক ইঞ্চি চওড়া বাঁশের তিনসারি বাতা দিয়া উপর, নিচ ও পাশে মোড়া থাকিবে। চাটাই - এর নিচের দিক অনধিক দেড় ইঞ্চি চওড়া, ৪ বা ৫ টি পোক্ত বাঁশের পিঠ বাতা লম্বালম্বি ভাবে আড়াবাতার মধ্য দিয়া ঢোকানো থাকিবে। সকল দিকে বাতাগুলি আট ইঞ্চি দূরে দূরে আড়াই ইঞ্চি গোল করিয়া গ্যালভানাইজ করা নতুন তার (ধাতু নির্মিত) দিয়া ভালো করিয়া বাঁধা থাকিবে যেন আড়াআড়ি ভাবে ৫ টি ও লম্বালম্বিভাবে ৯ টি বাঁধন থাকে। ডালার ফ্রেমের লম্বালম্বি বাতা দেড় ইঞ্চি চওড়া (উপর ও নিচে বাঁধা) ফ্রেমের উভয় প্রান্তে সাত ইঞ্চি করিয়া বাহির হইয়া হাতলের কাজ করিবে যাহা অবশ্যই মসৃণ হইতে হইবে।

সংখ্যা : ১২০০ (আনুমানিক)

২০/০৭/১৭

উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

ক্রমিক সংখ্যা ৩৬৬ / ই - ১৭

তারিখ ২০/০৭/১৭ (ইং)

প্রতিলিপি স্ফাতার্থে ও ব্যাপক প্রচারের নিমিত্তে প্রেরিত হইল :-

- ১) সভাপতি, কোচবিহার জিলা পরিষদ।
- ২) জেলাশাসক, কোচবিহার।
- ৩) মহাধ্যক্ষ, বস্ত্র এবং রেশমশিল্প, পশ্চিমবঙ্গ সরকার, কোলকাতা - ৭০০০১৩।
- ৪) যুগ্ম অধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ), উত্তরাঞ্চল, শিলিগুড়ী।
- ৫) উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ), মালদা/ জলপাইগুড়ি।
- ৬) সায়েনটিস্ট - ডি, আর. ই.সি.সেন্ট্রাল সিল্ক বোর্ড, খাগড়াবাড়ী, কোচবিহার।
- ৭) মহাকুমাশাসক, কোচবিহার।
- ৮) জেলা আধিকারিক, তথ্য ও সংস্কৃতি বিভাগ, কোচবিহার।
- ৯) ডাককর্তা, প্রধান ডাকঘর, কোচবিহার।
- ১০) শ্রী / শ্রীমতী

ক্রয় কমিটির সদস্য, দরপত্র খুলিবার নির্দিষ্ট সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

- ১১) জেলা পরিদর্শক/ সম্প্রসারণ আধিকারিক, - সেরিকালচার কম্পোজিট ইউনিট, খাগড়াবাড়ী / বড় নাচিনা সেরিকালচার ডেমন: ফার্ম, দিনহাটা/ সহ পরিদর্শক, রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, দিনহাটা (যুগ্মারী) / সেরিকালচার ডেমন: ফার্ম, বস্ত্রগঞ্জ / রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, মাথাভাঙ্গা / রেশম শিল্প পরিষেবা কেন্দ্র, তুফানগঞ্জ।
- ১২) রক্ষনথি / বিজ্ঞপ্তি ফলক।

২০/০৭/১৭

উপঅধিকর্তা, বস্ত্র (রেশমশিল্প বিভাগ)
কোচবিহার

০/০